কালের কণ্ঠ

তারিখ: 29 DEC 2015
পৃষ্ঠা: ২ কলাম: ৭

# অনুমোদন পেল আরো ৬ বেসরকারি বিশ্ববিদ্যালয়

আজিজুল পারভেজ ▷

রাজধানীতে দুইটিসহ নতুন করে আরো ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন পেয়েছে। প্রধানমন্ত্রীর দপ্তরে এই বিশ্ববিদ্যালয়গুলোর অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন হয়ে তা শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। নতুন এই বিশ্ববিদ্যালয়গুলো নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে ৮৯টি। আর রাজধানীতে এই সংখ্যা হবে ৫১টি।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নতুন ছয়টি বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ার কথা স্বীকার করে জানিয়েছেন, গতকাল সোমবার প্রধানমন্ত্রীর অনুমোদনের চিঠি শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেছে। এখন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শর্তযুক্ত চিঠি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে। এরপর তারা বিশ্ববিদ্যালয়গুলো চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

সরকার রাজধানীতে নতুন কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন না দেওয়ার এবং যেসব জেলায় কোনো বিশ্ববিদ্যালয় নেই সেসব জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমোদন দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছিল। নতুন করে যে ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন পাচ্ছে এর মধ্যে মাত্র দুইটি হচ্ছে সেই সব জেলায় যেখানে কোনো বিশ্ববিদ্যালয় নেই।

রাজধানীতে নতুন করে যে দুইটি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন পাচ্ছে এর মধ্যে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার-এর ঠিকানা হচ্ছে গুলশান। অন্যটি কানাডিয়ান ইউনিভার্সিটির ঠিকানা হচ্ছে তেজগাঁও। অন্য চারটি বিশ্ববিদ্যালয় হচ্ছে মানিকগঞ্জে এনপিআই ইউনিভার্সিটি অব বাংলাদেশ, খুলনায় নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, কুষ্টিয়ায় রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রামে ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ সায়েন্স অ্যান্ড টেকনোলজি, চট্টগ্রাম। এর মধ্যে মানিকগঞ্জ ও কুষ্টিয়ায় কোনো বিশ্ববিদ্যালয় নেই।

## ঢাকায় ২টি, রবীন্দ্রনাথের নামে দ্বিতীয় বিশ্ববিদ্যালয়

নর্দান ইউনিভার্সিটির রাজধানীতে একাধিক ক্যাম্পাস রয়েছে। ঢাকার বাইরে তাদের অনেক ক্যাম্পাস থাকলেও সরকার আউটার ক্যাম্পাস নিষিদ্ধ করায় সেগুলো বন্ধ হয়ে গিয়েছিল। এখন নর্দান ইউনিভার্সিটি কর্তৃপক্ষ নতুন করে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন পেল। কুষ্টিয়ায় যে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় অনুমোদন পাচ্ছে সেটি দেশে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নামে দ্বিতীয় বিশ্ববিদ্যালয়।

কবিগুরুর নামে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ' নামে সিরাজগঞ্জে যে বিশ্ববিদ্যালয় হচ্ছে তার দুইটি ক্যাম্পাস হওয়ার কথা ছিল কুষ্টিয়ার শিলাইদহ ও নওগাঁর পতিসরে। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আউটার ক্যাম্পাসের বদলে নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে আগ্রহ দেখান। তারপর কুষ্টিয়ায় রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ শুরু হয়।